



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া  
bbs.bijoynagar.brahmanbaria.gov.bd



স্মারক নং-১৯

তারিখ: ০৫.০১.২০২০

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনাকার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র বিজয়নগর উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদি প্রাপ্য হবেন।	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/ গণনাকারী	প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদি প্রাপ্য হবেন।	১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ২০.০২.২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।


বি:দ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

#### শর্তাবলী:

- ১) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ২) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে।
- ৩) অন্য কোন পেশায় (যেমন: সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে/ ইউনিয়ন বা ওয়ার্ড সচিব) নিয়োজিত কেউ আবেদন করতে পারবেন না। পরবর্তীতে এরকম প্রমাণ পেলে তৎক্ষণাৎ নিয়োগ কমিটি তাদেরকে বাদ দেয়ার ক্ষমতা রাখেন।
- ৪) প্রয়োজনে নিজের মহল্লা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য ওয়ার্ড/মহল্লায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ৫) সকল পদের আবেদন ফরম আগামী ২০/০১/২০২০ তারিখের মধ্যে স্ব-স্ব উপজেলায় উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ৬) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবেনা।
- ৭) মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ৮) খামের উপরে পদের নাম লিখে জমা দিতে হবে।

#### অন্যান্য তথ্যাবলী:

- ১) জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.brahmanbaria.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয় এবং ইউনিয়ন পরিষদ থেকেও সংগ্রহ করা যাবে।
- ২) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণ কে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৩) লিস্টিং অপারেশনে নিয়োজিত কর্মীগণের কার্যক্রম সন্তোষজনক হলে তারা মূল শুমারিতেও গণনাকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৪) আগামী ২২.০১.২০২০ তারিখ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে মৌখিক পরীক্ষা নেয়া হবে।
- ৫) লিস্টিং অপারেশনের জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা স্ব-স্ব উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রকাশ করা হবে।
- ৬) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে।
- ৭) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
মেহের নিগার

উপজেলা নির্বাহী অফিসার  
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া  
ও  
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর  
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি  
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া